

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”



বাংলাদেশ
অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, জুন ১৩, ২০২২

বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ৩০ জ্যৈষ্ঠ, ১৪২৯ মোতাবেক ১৩ জুন, ২০২২

নিম্নলিখিত বিলটি ৩০ জ্যৈষ্ঠ, ১৪২৯ মোতাবেক ১৩ জুন, ২০২২ তারিখে জাতীয় সংসদে
উত্থাপিত হইয়াছে :—

বা. জা. স. বিল নং ১৬/২০২২

২০২২ সনের ৩০ জুন তারিখে সমাপ্য অর্থবৎসরের কার্যাদি নির্বাহের জন্য সংযুক্ত তহবিল হইতে
মঞ্জুরিকৃত অর্থের অধিক অর্থ প্রদান ও নির্দিষ্টকরণের কর্তৃত্ব প্রদানের উদ্দেশ্যে আনীত বিল

যেহেতু ২০২২ সনের ৩০ জুন তারিখে সমাপ্য অর্থবৎসরের কার্যাদি নির্বাহের জন্য সংযুক্ত
তহবিল হইতে মঞ্জুরিকৃত অর্থের অধিক অর্থ প্রদান ও নির্দিষ্টকরণের কর্তৃত্ব প্রদান করা সমীচীন ও
প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল :—

১। সংক্ষিপ্ত শিরোনাম।—এই আইন নির্দিষ্টকরণ (সম্পূরক) আইন, ২০২২ নামে অভিহিত
হইবে।

২। ২০২১-২০২২ অর্থবৎসরের জন্য সংযুক্ত তহবিল হইতে ১৭৫২৪,৬৪,০৫,০০০
(সতেরো হাজার পাঁচশত চব্বিশ কোটি চৌষট্টি লক্ষ পাঁচ হাজার) টাকা প্রদান।—২০২২ সনের ৩০ জুন
তারিখে সমাপ্য অর্থ বৎসরে যেই সকল ব্যয় উক্ত বৎসরের অর্থ পরিশোধের আওতাধীন হইতে পারে
সেই সকল ব্যয় নির্বাহের জন্য এই আইনের তফসিলে কলাম ২ এ বর্ণিত কার্যাদির বিপরীতে কলাম
৫ এ উল্লিখিত ১৭৫২৪,৬৪,০৫,০০০ (সতেরো হাজার পাঁচশত চব্বিশ কোটি চৌষট্টি লক্ষ পাঁচ হাজার)
টাকার অনধিক পরিমাণ অর্থ সংযুক্ত তহবিল হইতে প্রদেয় ও ব্যয়যোগ্য হইবে।

(৯৯৭৭)

মূল্য : টাকা ৮.০০

৩। নির্দিষ্টকরণ।—এই আইন দ্বারা সংযুক্ত তহবিল হইতে প্রদান করিবার ও ব্যয় নির্বাহের জন্য অনুমোদিত অর্থ ২০২২ সনের ৩০ জুন তারিখে সমাপ্য অর্থবৎসরে এই আইনের তফসিলের কলাম ২ এ বর্ণিত কার্যের জন্য উহার বিপরীতে কলাম ৫ এ উল্লিখিত পরিমাণের অনধিক অর্থ নির্দিষ্ট করা হইল।

তফসিল
(ধারা ২ ও ৩ দ্রষ্টব্য)

(অংকসমূহ হাজার টাকায়)

মঞ্জুরি নং	কার্য ও উদ্দেশ্যসমূহ হিসাবের প্রধান খাতসমূহ	অনধিক টাকা		
		সংযুক্ত তহবিলের উপর দায়	সংসদ কর্তৃক ভোটে গৃহীত	মোট
১	২	৩	৪	৫
০২	প্রধানমন্ত্রীর কার্যালয়	০	৫০০,৬৯,০৬	৫০০,৬৯,০৬
০৪	নির্বাচন কমিশন সচিবালয়	২৫,৬৬,৩০	৫০,০০,০০	৭৫,৬৬,৩০
০৭	অর্থ বিভাগ	৬৩৪৪,৮৪,৩১	-১০৩৭২৭,৭০	৫৩০৭,৫৬,৬১
০৯	আর্থিক প্রতিষ্ঠান বিভাগ	০	৭৮,২৫,১৫	৭৮,২৫,১৫
১০	অর্থনৈতিক সম্পর্ক বিভাগ	-৩০২,০০	১১৩,৬১,৭১	১১০,৫৯,৭১
১৭	সশস্ত্রবাহিনী বিভাগ	০	৪,০০,৮১	৪,০০,৮১
১৮	আইন ও বিচার বিভাগ	০	৭,৮১,৮৫	৭,৮১,৮৫
১৯	জননিরাপত্তা বিভাগ	০	১৭৮,১৬,২৯	১৭৮,১৬,২৯
২১	প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়	০	১৯০৮,৭১,৯৮	১৯০৮,৭১,৯৮
২৪	স্বাস্থ্য সেবা বিভাগ	০	২৫০,৮১,১২	২৫০,৮১,১২
২৯	গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়	০	৪৯৭,৬২,৯০	৪৯৭,৬২,৯০
৩০	তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়	০	৫২,২৫,৫৬	৫২,২৫,৫৬
৩২	ধর্ম বিষয়ক মন্ত্রণালয়	০	২৮২,৮৩,৩২	২৮২,৮৩,৩২
৩৩	যুব ও ক্রীড়া মন্ত্রণালয়	০	১৪২,৫৬,৬২	১৪২,৫৬,৬২
৩৪	স্থানীয় সরকার বিভাগ	০	৩৯১,৯৭,৭৬	৩৯১,৯৭,৭৬
৩৬	শিল্প মন্ত্রণালয়	০	৬২৬,৫৯,৯১	৬২৬,৫৯,৯১
৩৭	প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়	০	১২,৪২,১৬	১২,৪২,১৬
৩৮	বস্ত্র ও পাট মন্ত্রণালয়	০	১৪৭,০৮,০৫	১৪৭,০৮,০৫
৪০	কৃষি মন্ত্রণালয়	০	২৭৪২,৩৪,৬৪	২৭৪২,৩৪,৬৪

(অংকসমূহ হাজার টাকায়)

মঞ্জুরি নং	কার্য ও উদ্দেশ্যসমূহ হিসাবের প্রধান খাতসমূহ	অনধিক টাকা		
		সংযুক্ত তহবিলের উপর দায়	সংসদ কর্তৃক ভোটে গৃহীত	মোট
১	২	৩	৪	৫
৪২	পরিবেশ বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়	০	১,১৪,৩১	১,১৪,৩১
৪৪	পানি সম্পদ মন্ত্রণালয়	০	৭৫৭,৬৯,৩০	৭৫৭,৬৯,৩০
৪৫	খাদ্য মন্ত্রণালয়	-৫,০০	২৩৩৪,৪৬,৮৮	২৩৩৪,৪১,৮৮
৪৬	দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়	০	১৭২,৭১,৮৮	১৭২,৭১,৮৮
৪৭	সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ	০	৫৪,৫৬,১৪	৫৪,৫৬,১৪
৫০	বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়	০	৩৫৩,৪১,৯৯	৩৫৩,৪১,৯৯
৫২	পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়	০	১৩১,৩৬,৯৭	১৩১,৩৬,৯৭
৫৪	মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়	০	৪০১,৩১,৭৮	৪০১,৩১,৭৮
	মোট মঞ্জুরি ও বরাদ্দের দাবি	৬৩৬৭,৪৩,৬১	১১১৫৭,২০,৪৪	১৭৫২৪,৬৪,০৫

উদ্দেশ্য ও কারণ সংবলিত বিবৃতি

এই বিলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংযুক্ত তহবিলের উপর দায়যুক্ত সম্পূরক ব্যয় নির্বাহের নিমিত্ত এবং ২০২২ সনের ৩০ জুন তারিখে সমাপ্য অর্থবৎসরের জন্য সরকারের অনুমিত ব্যয় সম্পর্কে জাতীয় সংসদ কর্তৃক প্রদত্ত মঞ্জুরিসমূহের বিপরীতে সংযুক্ত তহবিল হইতে প্রয়োজনীয় অর্থ নির্দিষ্টকরণের বিধান করিতে চাওয়া হইয়াছে।

আ হ ম মুক্তফা কামাল
ভারপ্রাপ্ত মন্ত্রী।

কে, এম, আব্দুস সালাম
সচিব।